ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড

প্রধান প্রকৌশলী, প্রকিউরমেন্ট এন্ড স্টোর, ডিপিডিসি

এবং

নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট), ডিপিডিসি
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২৩– ৩০ জুন, ২০২৪

# ডিপিডিসি'র কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of DPDC)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

গত তিন বছরে আমদানি পর্যায়ে সিস্টেম লস ক্রমান্বয়ে হ্রাস পেয়ে ২০২১-২২ অর্থবছরে ৬.০৬% নেমে এসেছে। ৪৬৩ কি.মি. সঞ্চালন ও বিতরণ লাইন নির্মাণ হওয়ায় ২০২১-২২ অর্থবছরে মোট ৫৯১৬ সার্কিট কিলোমিটারে উন্নীত হয়েছে। বর্ণিত সময়ে ১৩২/৩৩ কেভি ও৩৩/১১ কেভি উপকেন্দ্রের সংখ্যা ১৯টি বৃদ্ধি পেয়েছে। ফলে সক্ষমতা ৩৩/১১ কেভি লেভেলে ৪৩৬১ এমভিএ-তে উন্নীত হয়েছে। রাজধানীতে পরিচ্ছন্ন, উন্নত ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদানের লক্ষ্যে ''ধানমন্ডি আন্ডারগ্রাউন্ড ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ক'' নির্মাণ কাজ শুরু হয়েছে। ড্রোন ব্যবহার করে ১৩২/৩৩ কেভি ও ৩৩/১১ কেভি উপকেন্দ্রে স্মার্ট সার্ভেইল্যান্স এবং থার্মাল প্রোফাইলিং বাস্তবায়ন করা হচ্ছে। ডিপিডিসি'র বর্তমান গ্রিড ব্যবস্থাকে স্মার্ট গ্রিডে রূপান্তরের কাজ শুরু হয়েছে। বর্তমান ওভারহেড বিতরণ ব্যবস্থাকে ভূগর্ভস্থ ব্যবস্থায় রূপান্তরের কার্যক্রম চলমান আছে। এছাড়াও আট লক্ষাধিক স্মার্ট প্রি-পেমেন্ট মিটার (Automated Metering Infrastructure, AMI) স্থাপন করা হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সমস্যাসমূহ

ক) অপরিকল্পিত নগরায়নের ফলে ঝুঁকিপূর্ণ বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা
খ) সময়মতো প্রকল্প বাস্তবায়নের জন্য খননের অনুমতি প্রদানে বিলম্ব
গ) চাহিদা অনুযায়ী বিদ্যুৎ প্রাপ্তি

চ্যালেঞ্জসমূহ

ক) চাইনিজ জিটুজি লোন এর আওতায় এক্সপানশন এন্ড স্ট্রেংদেনিংঅব পাওয়ার সিস্টেম নেটওয়ার্ক সময়মতো বাস্তবায়ন
খ) ২০২৫ সালের মধ্যে ডিপিডিসি সকল গ্রাহককে প্রি-পেইড/স্মার্ট মিটারের আওতায় আনা
গ) নতুন বিদ্যুৎ উপকেন্দ্র নির্মান ও পুরাতন উপকেন্দ্রসমূহ মেরামতের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি
ঘ) উদ্ভাবনী প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে গ্রাহকসেবা-কে সর্বোচ্চ পর্যায়েউন্নীতকরণ
ঙ) চাইনিজ জিটুজি লোন এর আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের পর ঋণের কিস্তি পরিশোধ

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে প্রাতিষ্ঠানিক দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি করে দেশের সেরা বিদ্যুৎ সংস্থা হওয়া ডিপিডিসি'র অন্যতম ভবিষ্যৎ পরিকল্পনা। এ লক্ষ্য অর্জনে ডিপিডিসি সরকার, দাতা সংস্থা এবং নিজস্ব অর্থায়নে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী উন্নয়ন পরিকল্পনা করেছে। প্রকল্পসমূহের মধ্যে উল্লেখযোগ্য হলো:

ক) বর্তমান উপকেন্দ্রসমূহ-কে স্মার্ট গ্রিড সিস্টেম ব্যবস্থার রূপান্তর
খ) আট লক্ষাধিক স্মার্ট প্রি-পেমেন্ট মিটার (Automated Metering Infrastructure, AMI) স্থাপন
গ) ডিপিডিসি'র আওতায় ঢাকার কাওরান বাজারে ভূগর্ভস্থ উপকেন্দ্র নির্মাণ
ঘ) নতুন বিদ্যুৎ উপকেন্দ্র নির্মান ও পুরাতন উপকেন্দ্রসমূহ মেরামতের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি এবং
ঙ) বর্তমান ওভারহেড বিদ্যুৎ বিতরণ ব্যবস্থাকে আন্ডারগ্রাউন্ডে রূপান্তর ।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- বিদ্যুতের বিতরণ উপকেন্দ্র ১৩ টি নির্মাণ/ আপগ্রেডেশন;
- ১৯১ কিলোমিটার নতুন বিতরণ লাইন নির্মাণ এবং ৫৯ কিলোমিটার বিতরণ লাইন আপগ্রেডেশন;
- সিস্টেম লসের হার শতকরা ৬.৫০ এ নামিয়ে আনা;
- ৬০,০০০ নতুন বৈদ্যুতিক সংযোগ প্রদান।

# প্রস্তাবনা (Preamble)

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড-এর প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রধান প্রকৌশলী, প্রকিউরমেন্ট এন্ড স্টোর, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড

এবং

নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড-এর মধ্যে ২০২৩ সালের জুলাই মাসের ৩০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# সেকশন ১
## রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision) :

তথ্যপ্রযুক্তি ও উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে ডাটা-কেন্দ্রিক অবকাঠামো নির্মাণ, নবায়নযোগ্য বিদ্যুৎ খাতের উন্নয়ন, প্রাতিষ্ঠানিক দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি এবং নির্ভরযোগ্য, প্রতিযোগিতামূলক বিদ্যুৎ সরবরাহ করে গ্রাহকগণের সন্তুষ্টি অর্জন ও দেশের সেরা বিদ্যুৎ সংস্থা হওয়া।

### ১.২ অভিলক্ষ্য (Mission) :

- নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহের জন্য ডিপিডিসি'র সর্বস্তরের পরিচালনা পদ্ধতি ডাটা-কেন্দ্রিক বিগ ডাটা মানসিকতায় বিবর্তন করা।
- উপকেন্দ্র ও বিতরণ লাইন এর প্রতিটি ডিভাইস এবং মিটারিং এর সর্বক্ষেত্রে টু-ওয়ে কমিউনিকেশনসহ ডাটা-কেন্দ্রিক অবকাঠামো পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য রি-ট্রেইনিং ও ফ্রেস রিক্রুইটমেন্ট করা।
- দেশের ও কোম্পানির প্রচলিত আইন ও বিধি প্রতিপালন এবং নির্দেশনা যথাযথ অনুসরণের মাধ্যমে সকল স্টেইকহোল্ডারের কাছে ডিপিডিসি-কে স্বচ্ছ ও জবাবদিহিতামূলক প্রতিষ্ঠানে পরিণত করা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র:

#### ১.৩.১ ডিপিডিসি'র কর্মসম্পাদনের ক্ষেত্র:

১. প্রাতিষ্ঠানিক দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি।
২. বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন।
৩. নতুন বিদ্যুৎ সংযোগ এবং গ্রাহক সন্তুষ্টি অর্জন।
৪. নিরবচ্ছিন্ন ও গুণগত মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ।

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪
২. ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪
৩. অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪
৪. সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪
৫. তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪

### ১.৪ কার্যাবলি (Functions) :

১. প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি
২. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি
৩. বিতরণ লাইন সম্প্রসারণ
৪. উপকেন্দ্রের ক্ষমতা সংযোজন
৫. বিতরণ সিস্টেম লস হ্রাসকরণ
৬. নেট মিটারিং ব্যবস্থার প্রবর্তন
৭. নতুন আবাসিক বিদ্যুৎ সংযোগ প্রদান
৮. ওভারলোড ট্রান্সফর্মার হ্রাসকরণ
৯. গ্রাহক সন্তুষ্টি অর্জন
১০. নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ
১১. গুণগত ও মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ
১২. ই আর পি বাস্তবায়ন (৪ টি মডিউল)

**১.৫ দপ্তরের প্রধান কার্যাবলি (Functions):**

১. এপিপি বাস্তবায়ন মনিটর।
২. পন্য/ কার্য/ সেবা ক্রয় মনিটর।
৩. পন্য/ কার্য/ সেবা ক্রয়ের গুণগতমান নিশ্চিতের জন্য পরিদর্শন নিশ্চিতকরণ।
৪. প্রতিযোগিতামূলক ক্রয়ের জন্য সকল ক্ষেত্রে ইজিপির ব্যবহার নিশ্চিত করা (যা প্রযোজ্য)।
৫. ই-অকশনের মাধ্যমে প্রতিযোগিতা মূলক ভাবে অকেজো মালামাল বিক্রয় করে সম্পদ ও জায়গার সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করা।
৬. আউটসোর্সিং সেবা ক্রয়ের মাধ্যমে প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধি ও গ্রাহক সন্তুষ্টি নিশ্চিত করা।
৭. বাৎসরিক ভিত্তিতে স্টোরের সকল মালামাল ফিজিক্যাল ভেরিফিকেশন করা
৮. নিরাপত্তা ও সঠিক পরিবেশে মালামাল সংরক্ষণ করা।
৯. স্টোর ইনভেনটরি ম্যানেজমেন্ট তথা সঠিক পরিমাণ মালামাল ক্রয়ের মাধ্যমে আর্থিক সাশ্রয় ও স্টোরের জায়গার অপটিমাম ব্যবহার।

**১.৬ সমস্যা ও চ্যালেঞ্জ**

ক) বিশ্বব্যাপি কোভিড-১৯ এর প্রাদূর্ভাব হওয়ায় মালামাল সংগ্রহে বিলম্ব।
খ) সকল দপ্তরের চাহিদা একত্রিত করে বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি) প্রনয়ন।
গ) পিপিআর-এর বাধ্যবাধকতা মেনে সম্ভাব্য দ্রুততম সময়ে পণ্য/কার্য/সেবা ক্রয়।
ঘ) ভান্ডারের অপ্রতুল জায়গার সঠিক ও পরিকল্পনা মাফিক ব্যবহার।

**১.৭ ভবিষ্যৎ পরিকল্পনা:**

ক) ডিপিডিসি'র এপিপি ও ইআরপি বাস্তবায়নের সফটওয়্যারের ব্যবহারের ব্যাপকতা বৃদ্ধি করা।
খ) আধুনিক ডিমান্ট ফোরকাস্ট মেথড ব্যবহার।
গ) ফ্রেমওয়ার্ক চুক্তির মাধ্যমে ইনভেনটরি কমানো।

## সেকশন ২

### বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/ প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | ২০২২-২৩ * | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | | |
| আওতাধীন সকল জনগোষ্ঠীকে বিদ্যুৎ সুবিধার আওতায় আনা | সুবিধা প্রাপ্ত সংখ্যা | সংখ্যা | ১০৪৭৩৮ | ৭০৭১৩ | ৬০০০০ | ৬০০০০ | ৬০০০০ | বিদ্যুৎ বিভাগ | এমআইএস ও কমার্শিয়াল স্ট্যাটিস্টিকস |
| নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা | SAIDI | মিনিট | ৬১৫ | ৭৩৩.৮৯৭ | ৮০০ | ৭৯৫ | ৭৯০ | বিপিডিবি, পিজিসিবি | অটোমেটেড ডাটা, এমআইএস ও কমার্শিয়াল স্ট্যাটিস্টিকস |
| প্রাতিষ্ঠানিক দক্ষতা, সক্ষমতা ও স্বচ্ছতা বৃদ্ধি | সিস্টেম লস | % | ৬.০৬ | ৬.৬৭ | ৬.৫০ | ৬.৪৫ | ৬.৪০ | বিদ্যুৎ বিভাগ | এমআইএস ও কমার্শিয়াল স্ট্যাটিস্টিকস |
| নবায়নযোগ্য বিদ্যুৎ খাতের উন্নয়ন | রুফটপ সোলার সিস্টেম স্থাপনকৃত | কে ডব্লিউ পিক | - | ২৮১.৩৮ | ২৪০ | ২৮০ | ৩২০ | বিদ্যুৎ বিভাগ, স্রেডা | এমআইএস ও কমার্শিয়াল স্ট্যাটিস্টিকস |

- এপ্রিল/২০২৩

## সেকশন ৩- কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] প্রাতিষ্ঠানিক দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি | ৬৫ | [১.১] বাৎসরিক ক্রয় মনিটর | বাৎসরিক ক্রয় পরিকল্পনা চূড়ান্ত করা | ক্রমপুঞ্জিভূত | তারিখ | ৫ | | ০৭ জুলাই | ৩১ জুলাই | ৩১ আগস্ট | - | - | - | ৩১ জুলাই | ৩১ জুলাই |
| | | | আভ্যন্তরীণ চুক্তির বিপরীতে মালামাল সংগ্রহ | ক্রমপুঞ্জিভূত | প্যাকেজ | ৫ | | | ১০ | ৮ | ৭ | - | - | ১০ | ১০ |
| | | | বৈদেশিক চুক্তির বিপরীতে মালামাল সংগ্রহ | ক্রমপুঞ্জিভূত | প্যাকেজ | ৫ | | | ২ | ১ | - | - | - | ২ | ২ |
| | | | Pre-Shipment/ Pre-Delivery পরীক্ষণ ও পরিদর্শন | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৫ | | | ৮ | ৫ | ৩ | - | - | ৮ | ৮ |
| | | | Post-Landing/ Post-Delivery পরীক্ষণ ও পরিদর্শন | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | | | ৮ | ৫ | ৩ | - | - | ৮ | ৮ |
| | | | Stage Inspection | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | | | ২ | ১ | - | - | - | ২ | ২ |
| | | [১.২] প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি | ইআরপি হালনাগাদকরণ (প্রকিউরমেন্ট মডিউল) | সমষ্টি | % | ৫ | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | - | ১০০ | ১০০ |
| | | | ই-জিপি টেন্ডারিং (প্রযোজ্য ক্ষেত্রে) | সমষ্টি | % | ১০ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | - | ১০০ | ১০০ |
| | | | প্রত্যেক এমপ্লয়ীর জন্য প্রশিক্ষণ | সমষ্টি | জন ঘন্টা | ৫ | | | ৬০ | ৫৮ | ৫৫ | | - | ৬০ | ৬০ |
| | | [১.৩] মালামাল সরবরাহ ও সংরক্ষণ | রিকুইজিশনের বিপরীতে মালামাল সরবরাহ করা | ক্রমপুঞ্জিভূত | দিন | ৩ | | | ৩ | ৫ | ৭ | - | - | ৩ | ৩ |
| | | | ভান্ডারে সর্বশেষ মজুদের তালিকা প্রকাশ (মাসিক) | ক্রমপুঞ্জিভূত | তারিখ | ২ | | | ৭ | ১০ | ১৫ | - | - | ৭ | ৭ |
| | | | বার্ষিক ইনভেনটরি গণনা | ক্রমপুঞ্জিভূত | তারিখ | ৫ | | | ৩১ জুলাই | ৩১ আগস্ট | - | - | - | ৩১ জুলাই | ৩১ জুলাই |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| | | | মালামাল গ্রহণের পর R&I প্রস্তুত করা | ক্রমপুঞ্জিভূত | দিন | ৩ | | | ৫ | ৭ | ৯ | - | - | ৫ | ৫ |
| | | | বিন কার্ড অনুযায়ি সঠিকভাবে মালামাল সংরক্ষণ | রেশিও | % | ২ | | | ৩০ | ২৫ | ২০ | - | - | ৩০ | ৩০ |
| | | | স্টোর লেজার হালনাগাদ করা | রেশিও | % | ২ | | | ১০০ | ৯০ | ৮০ | - | - | ১০০ | ১০০ |
| | | | মালামালের নিরাপদ সংরক্ষণ | রেশিও | % | ৩ | | | ১০০ | ৯০ | ৮০ | - | - | ১০০ | ১০০ |
| [২] গ্রাহক সন্তুষ্টি অর্জন | ৫ | [২.২] গ্রাহক সন্তুষ্টি অর্জন | [২.২.৪] আউটসোর্সিং এর মাধ্যমে বিল বিতরণকৃত | ক্রমপুঞ্জিভূত | এনওসিএস এর সংখ্যা | ৫ | ১৪ | ১৪ | ১৪ | ১৩ | - | - | - | - | ১৪ |

# সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্ম সম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার সংক্রান্ত অন জব প্রশিক্ষণ আয়োজন | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ১ | | | ২টি সেশন | ১টি সেশন | - | - | - | ২টি সেশন | ২টি সেশন |
| | | | [১.১.২] কর্ম-পরিবেশ উন্নয়ন (ডিপিডিসি'র অকেজো মালামাল নিষ্পত্তিকরন/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি) | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা ও তারিখ | ১ | | | ২ বার ৩০.০৬.২৪ পর্যন্ত | ১ বার ৩০.০৬.২৪ পর্যন্ত | - | - | - | ২ বার ৩০ জুন পর্যন্ত | ২ বার ৩০ জুন পর্যন্ত |
| | | | [১.১.৩] ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | ক্রমপুঞ্জিভূত | তারিখ | ৩ | | | ৩১.০৭.২৩ | - | - | - | - | ৩১ জুলাই | ৩১ জুলাই |
| | | | [১.১.৪] অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | | | ৭৫ | ৬০ | ৫০ | - | - | ৭৫ | ৭৫ |
| | | | [১.১.৫] বাজেট বাস্তবায়ন | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ৬০ | ৫৫ | ৫০ | - | - | ৬০ | ৬০ |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-নথির ব্যবহার বৃদ্ধি: ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১০ | | | ৮৫ | ৮০ | ৭৫ | ৭০ | - | ৮৫ | ৮৫ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্ম সম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] নির্দিষ্ট সময়ে অনলাইনে/ অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি/ দরপত্রের সময় বৃদ্ধির আবেদন | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | | | ৩ | ২ | ১ | - | - | ৩ | ৩ |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সরবরাহকারী/ ঠিকাদারগণকে Final Acceptance Certificate/ Work Completion Certificate প্রদান। | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৫ | | | ৩ | ২ | ১ | - | - | ৩ | ৩ |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য (দরপত্র ও নিলাম নোটিশ এবং এপিপি) হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা ও তারিখ | ১ | | | ২ বার ৩১.১২.২৩ ও ৩০.০৬.২৪ | ১ বার ৩০.০৬.২৪ | - | - | - | ২ বার | ২ বার |
| | | | [১.৫.২] তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে কর্মকর্তা/ কর্মচারীদের অন জব প্রশিক্ষণ আয়োজন | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | | | ২টি | ১টি | - | - | | ২টি | ২টি |

প্রধান প্রকৌশলী, প্রকিউরমেন্ট এন্ড স্টোর, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড হিসেবে প্রধান প্রকৌশলী, প্রকিউরমেন্ট এন্ড স্টোর, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

...............................................
প্রধান প্রকৌশলী, প্রকিউরমেন্ট এন্ড স্টোর
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড

৩০/০৭/২০২০
তারিখ

...............................................
নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট)
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড

৩০/০৭/২০২০
তারিখ